ঢাকা বিশ্ববিদ্যালয়

# -ঃ জরুরী বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং এর উপাদানকল্প/অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহের পরীক্ষার বিল পরিশোধের বিষয়ে মাননীয় উপাচার্যের ০১/০৮/২০২৫ তারিখের অনুমোদনক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে।

১। সকল ডকুমেন্টস ঠিক থাকলে ০১লা নভেম্বর ২০২৪ ইং তারিখের পূর্বে ফলাফল প্রকাশের সকল পরীক্ষার বিল পূর্ব নির্ধারিত ৩০.০৪.২৫ তারিখের পরিবর্তে ৩১/১০/২০২৫ ইং তারিখ পর্যন্ত পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দেয়া যাবে।

২। পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ থেকে পূর্ব নির্ধারিত ০৬ (ছয়) মাসের পরিবর্তে ০৯ (নয়) মাসের মধ্যে পরীক্ষার বিল পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দিতে হবে। ইতঃপূর্বে যে সকল বিল পরীক্ষার ফলাফল প্রকাশের ০৬ (ছয়) মাসের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা হয়নি, সে সকল বিল ৩১/১০/২০২৫ ইং তারিখ পর্যন্ত পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দিতে হবে।

৩। সকল পরীক্ষার হলে প্রত্যবেক্ষক/প্রধান প্রত্যবেক্ষক/বিশেষ প্রত্যবেক্ষক হিসাবে দায়িত্ব পালনের বিল এবং সকল টিএ/ডিএ বিল পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্ব নির্ধারিত ০৬ (ছয়) মাসের পরিবর্তে ০৯ (নয়) মাসের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দিতে হবে।

৪। পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস ও হিসাব পরিচালকের অফিস সকল প্রকার বিল জমা হওয়ার পূর্ব নির্ধারিত (০৬ + ০৬) = ১২ সপ্তাহের পরিবর্তে (৯ + ৯) = ১৮ (আঠার) সপ্তাহের মধ্যে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবে।

৫। পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমাকৃত ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ, অসঙ্গতিপূর্ণ এবং অডিট আপত্তিকৃত বিলের সমাধান ও নিষ্পত্তির লক্ষ্যে ক্রমিক ৪ এ উল্লিখিত সময়সীমা প্রযোজ্য হবে না।

স্বাক্ষর/-

(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

**মেমো নংঃ বিশেষ-১/শা-বিল/প.**

তারিখঃ ২২ শ্রাবণ ১৪৩২ / ০৬ আগস্ট ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হইল:

১। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাঃ বিঃ।
২। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাঃ বিঃ।
৩। অধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাদানকল্প/অধিভুক্ত সকল কলেজ।
৪। চেয়ারম্যান, সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি।
৫। রেজিস্ট্রার, ঢাঃ বিঃ।
৬। হিসাব পরিচালক, ঢাঃ বিঃ।
৭। উপ-রেজিস্ট্রার, উপাচার্য মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
৮। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
৯। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
১০। উপ-রেজিস্ট্রার, কোষাধ্যক্ষ মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
১১। পরিচালক, জনসংযোগ অফিস, ঢাঃ বিঃ (বহুল প্রচারের অনুরোধসহ)।
১২। সকল পরীক্ষা উপ-নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, ঢাঃ বিঃ।
১৩। সকল সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, ঢাঃ বিঃ।
১৪। সকল সেকশন অফিসার, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, ঢাঃ বিঃ।
১৫। নোটিশ বোর্ড, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, ঢাঃ বিঃ।

06/08/2025

(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়।